

-১-

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০০০.০৭.০১০২.২৫ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Supply of necessary materials for chemical resistant coating and related works at clarifier C (Lot-4)." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।
নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Supply of necessary materials for chemical resistant coating and related works at clarifier C (Lot-4)." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৯/৮/২৫ ১২:৫৭ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং- ০১ হতে ০৮ দয়া করে যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার-এ ব্যবহৃত বিভিন্ন প্রসেস কেমিক্যালের মধ্যে লিকুইড ক্লোরিং, Poly Aluminum Chloride (PAC) ও Polyacrylamide (PAM) অন্যতম। উচ্চমাত্রার ক্ষয়কারক এইসব কেমিক্যালের প্রভাবে ক্লারিফায়ারের ডিভাইডিং চেম্বার, ডিস্ট্রিবিউশন চ্যানেল, কোয়াগুলেশন ও ফ্লোকুলেশন চেম্বারের আর সি সি দেওয়াল ক্ষয়প্রাপ্ত হয়ে বিভিন্ন জায়গায় পানি লিকেজ হচ্ছে (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)। এতে পানি শোধন প্রক্রিয়া এবং ক্লারিফায়ারের নিরাপত্তা হুমকি দেখা দিয়েছে। ইতঃপূর্বে বিভিন্ন সময়ে ট্যাংকের বাইরের দেওয়ালে লিকেজ মেরামত করা হলেও সমস্যাটি সমাধান হয়নি। সমস্যা নিরসনকল্পে উক্ত বিষয়ে বিশেষায়িত সলিউশন প্রস্তুতকারী আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠান SIKA ও Berger FOSROC-এর বিশেষজ্ঞ প্রতিনিধিদের সরেজমিন সাইট ভিজিট করে মতামত প্রদানের অনুরোধ জানানো হয়। উভয় প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ সাইট পরিদর্শন করেন এবং SIKA-এর বিশেষজ্ঞ উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও অ্যান্ড এম) মহোদয়ের কার্যালয়ে প্রেজেন্টেশনের মাধ্যমে উদ্ভূত সমস্যা ও তার সমাধান তুলে ধরেন (ক্রমিক নং-০২ দ্রষ্টব্য)। এছাড়া Berger FOSROC হতেও মতামত ও পরামর্শ পাওয়া গিয়েছে (ক্রমিক নং-০৩ দ্রষ্টব্য)। উভয় প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন পর্যালোচনা করে কারিগরি ও আর্থিক দিক বিবেচনায় টেকসই ও লাগসই সমাধান হিসেবে ক্লারিফায়ারের ক্ষতিগ্রস্ত অংশ কয়েক ধাপে মেরামত এবং ভিতরের দেওয়ালে কেমিক্যালরোধী কোটিং করা প্রয়োজন। বর্ণিত কাজসমূহ সম্পাদনের নিমিত্তে অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় "Supply of necessary materials for chemical resistant coating and related works at clarifier C (Lot-4)" শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৮):

- ১। ১। ক্ষতিগ্রস্ত বিভিন্ন দেওয়ালের চিত্র.docx.
- ২। ২। SIKA হতে প্রাপ্ত বিশেষজ্ঞ মতামত.pdf
- ৩। ৩। Berger FOSROC প্রাপ্ত বিশেষজ্ঞ মতামত.pdf
- ৪। ৪। কোটেশন প্রদানে ঠিকাদারকে চিঠি.pdf
- ৫। ৫। ঠিকাদার হতে প্রাপ্ত কোটেশন.pdf
- ৬। ৬। এ্যাজবিল্ট নক্সা.pdf
- ৭। ৭। বিভাগীয় প্রাক্কলন.pdf
- ৮। ৮। ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৯/৮/২৫ ১:০৩ অপরাহ্ন

পানি পরিশোধন প্রক্রিয়া নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে ক্লারিফায়ারে ক্ষয়রোধী ব্যবস্থা হিসেবে কয়েক ধাপে ক্ষতিগ্রস্ত অংশ মেরামত ও কেমিক্যালরোধী কোটিং করার জন্য বিশেষায়িত অভিজ্ঞ প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ০৪ ও ০৫ দ্রষ্টব্য) ও এ্যাজ-বিল্ট নক্সা অনুযায়ী প্রাপ্ত পরিমাপের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০৬ ও ০৭ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২৪,৯৯,৯০৪.৩৭৬ (টাকা চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত চার দশমিক তিন সাত ছয় মাত্র) টাকা। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের Water & Sewer Plant (O&M) খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-129; প্যাকেজ নং-APP/25-26/G/96) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-০৮ দ্রষ্টব্য)।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৯/৮/২৫ ১:০৭ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার-এর ক্লারিফায়ারের দীর্ঘস্থায়ীত্ব নিশ্চিত করার জন্য কেমিক্যালের ক্ষয়কারক প্রভাব হতে মুক্ত রাখার নিমিত্তে ক্ষতিগ্রস্ত অংশ মেরামত ও কেমিক্যালরোধী কোটিং করার লক্ষ্যে "Supply of necessary materials for chemical resistant coating and related works at clarifier C (Lot-4)" কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

১) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।


২) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২৪,৯৯,৯০৪.৩৭৬ (টাকা চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত চার দশমিক তিন সাত ছয় মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

৩) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Water & Sewer Plant (O&M) খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-129; প্যাকেজ নং-APP/25-26/G/96) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।




১৯/৮/২৫ ১:১২ অপরাহ্ন
মিল্টন তঞ্চঙ্গ্যা
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার




১৯/৮/২৫ ১:৫৫ অপরাহ্ন
মোহাম্মদ সোহেল রানা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পদ্মা পানি শোধনাগার




১৯/৮/২৫ ১:৫৫ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার




21.08.2025

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

অনুমোদিত


28/08/2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।